



আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতিতে সেনাবাহিনী প্রত্যাহারের সিদ্ধান্ত: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

পুলিশ বাহিনীতে আগের তুলনায় শৃঙ্খলা ও কার্যক্রম স্বাভাবিক অবস্থায় ফিরে আসায় মাঠপর্যায়ে আইনশৃঙ্খলা রক্ষার দায়িত্ব থেকে ধীরে ধীরে সেনাবাহিনীকে সরিয়ে নেওয়ার কথা জানিয়েছে সরকার। এমন তথ্য দিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ।

বৃহস্পতিবার (৭ মে) সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে তিনি বলেন, অনির্দিষ্ট সময়ের জন্য সেনাবাহিনীকে মাঠে দায়িত্বে রাখার পরিকল্পনা নেই। নির্বাচিত সরকার দায়িত্ব নেওয়ার পর পুলিশ বাহিনীকে আবারও সুশৃঙ্খল অবস্থায় ফিরিয়ে আনা সম্ভব হয়েছে এবং এ নিয়ে সাধারণ মানুষের মধ্যেও আস্থা তৈরি হয়েছে।

স্বরাষ্ট্রমন্ত্রী জানান, সেই পরিস্থিতি বিবেচনায় নিয়েই ধাপে ধাপে সেনাবাহিনীকে মাঠপর্যায়ের দায়িত্ব থেকে সরানোর উদ্যোগ নেওয়া হচ্ছে। তবে পুরো প্রক্রিয়াটি কীভাবে বাস্তবায়ন হবে, সে বিষয়ে পুলিশ, সেনাবাহিনী ও সংশ্লিষ্ট সংস্থাগুলোর সঙ্গে সমন্বয় করে সিদ্ধান্ত নেওয়া হবে।

তিনি আরও বলেন, আইন সবার জন্য সমান এবং অপরাধ দমনে অভিযান অব্যাহত রয়েছে। নিয়মিত অভিযানে মাদক কারবারি, অস্ত্রধারী, জুয়া ও বিভিন্ন অপরাধে জড়িত ব্যক্তিদের গ্রেপ্তার করা হচ্ছে। সুনির্দিষ্ট তথ্য ও তালিকার ভিত্তিতেই এসব অভিযান পরিচালনা করা হচ্ছে বলে জানান তিনি।

দেশের সামগ্রিক আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতি হয়েছে বলেও দাবি করেন স্বরাষ্ট্রমন্ত্রী। তার ভাষ্য, কোথাও যৌথ বাহিনীর অভিযান চলছে, আবার অনেক জায়গায় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী আলাদাভাবেও কাজ করছে। এসব অভিযানে দৃশ্যমান অগ্রগতি পাওয়া যাচ্ছে বলেও মন্তব্য করেন তিনি।